



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
শাহজাদপুর সরকারি কলেজ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।




ওয়েব সাইট : www.shahzadpurgovtcollege.com  
E-mail Address : shahzadpur.govt.college@gmail.com  
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৩৩৪৭৮/০২৫৮৮৮৩৩৫৮৩

**বিজ্ঞপ্তি: তারিখ- ১২/০৩/২০২৩ খ্রি.**

শাহজাদপুর সরকারি কলেজের একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, “১৭ মার্চ ২০২৩ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস” উদযাপন উপলক্ষে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী “বঙ্গবন্ধুর রাষ্ট্রদর্শন: আধুনিক বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা” শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। আগ্রহী শিক্ষার্থীদের স্বহস্তে লিখিত ৫০০ শব্দের রচনা নিম্নের নির্দেশনা মোতাবেক আগামী ১৩ মার্চ ২০২৩ বিকেল ৫:০০ টার মধ্যে ডাকযোগে/সরাসরি বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী ঠিকানায় পৌঁছানোর নির্দেশ দেয়া হলো।

**প্রতিযোগিতার রচনা পাঠানোর নিয়ম:**

- রচনার শুরুতে গ্রুপ, বিষয়, প্রতিযোগীর নাম, শ্রেণি, রোল, মোবাইল নম্বর ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- স্বহস্তে লিখিত রচনা A4 সাইজের কাগজের এক পার্শ্বে লিখতে হবে (উভয় পৃষ্ঠায় না)।
- লেখার সাথে ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ছাত্রের পরিচয় পত্র (ID Card) ও জন্ম নিবন্ধন এর কপি সংযুক্ত করে দিতে হবে।
- ডাকযোগে/কুরিয়ারে বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ঠিকানায় সরাসরি স্বহস্তে লিখিত রচনা A4 সাইজের খামে মুখ বন্ধ করে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে অথবা বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর অফিস কক্ষের সামনে রক্ষিত বক্সে ১৩ মার্চ ২০২৩ তারিখ বিকেল ৫:০০ টার মধ্যে জমা দিতে হবে।



প্রফেসর ড. মোঃ নূর আলম  
অধ্যক্ষ  
শাহজাদপুর সরকারি কলেজ  
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- আহ্বায়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস- ২০২৩ উদযাপন কমিটি।
- সম্পাদক, শিক্ষক পরিষদ।
- অফিস নথি।